



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/বিদ্যা/কল্পঃ (কুতুব)/৮৪/৯৬ (অংশ-১)/ ৯৩১ (২)

তারিখঃ ২৯/০১/২০২৩ খ্রিঃ

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক
কবি জসিম উদ্দিন উচ্চ বিদ্যালয়
ডাকঘরঃ কুতুবদিয়া, উপজেলাঃ মহেশখালী
জেলাঃ কক্সবাজার।


বিষয় : এডহক কমিটি অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তাঁর বিদ্যালয়ের দৈনন্দিন প্রশাসনিক কার্যাবলি পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর প্রবিধানমালা ২০০৯ এ বর্ণিত ৩৯ এর আলোকে নিম্নলিখিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত এডহক কমিটিকে এই স্মারক ইস্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য অনুমোদন করা হল।


- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার (বোর্ড কর্তৃক মনোনীত) সভাপতি।
- ২। প্রধান শিক্ষক/শিক্ষিকা (পদাধিকারবলে) সদস্য সচিব।
- ৩। জনাব বদরুল আলম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) (শিক্ষক প্রতিনিধি) সদস্য।
- ৪। জনাব শাহাব উদ্দিন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) অভিভাবক প্রতিনিধি) সদস্য।

অনুসরণীয় :

- (ক) এই এডহক কমিটিকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর প্রবিধানমালা ২০০৯ এ বর্ণিত প্রবিধান ৭ অনুসারে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।
- (খ) প্রবিধান ৩৯ এর উপ-প্রবিধান (২) অনুসারে এডহক কমিটি ম্যানেজিং কমিটির সকল ক্ষমতা প্রয়োগ এবং সকল দায়িত্ব পালন করবে। তবে শিম/শাঃ ১১/১০-১১/২০০৯/১৭১, তারিখ: ১২-০৪-২০১১মূলে শিক্ষক কর্মচারী নিয়োগ প্রদান করতে পারবে না।


(ড. বিপ্লব গাঙ্গুলী)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।


২৯/০১/২৩

অনুলিপি অবগতি ও কার্যার্থে :-

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার, সভাপতি, এডহক কমিটি
কবি জসিম উদ্দিন উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ কুতুবদিয়া, উপজেলাঃ মহেশখালী, জেলাঃ কক্সবাজার।
- ২। অফিস কপি।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www.bise-ctg.gov.bd

স্মারক নম্বর : চশিবো/বিদ্যা /চট্ট-মহা (পাঁচ)/১৫৩/২০২০/৯৩৬ (৫)

তারিখ : ২৯/০১/২০২৩ খ্রি:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক/অধ্যক্ষ

আল-হিদায়হ ইন্টারন্যাশনাল স্কুল


রোড # ০১, ব্লক-বি, পাঁচলাইশ আ/এ, চট্টগ্রাম।

বিষয় : বেসরকারি (ইংরেজি মাধ্যম, ব্রিটিশ কারিকুলাম) বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আল-হিদায়হ ইন্টারন্যাশনাল স্কুল, পাঁচলাইশ, চট্টগ্রাম-কে The Registration of Private Schools Ordinance, 1962 (XX of Ordinance 1962) এর অধীনে বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ এর আলোকে সাময়িক নিবন্ধনের উপযুক্ততা বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার ৩ এর উপ-বিধি (৩) এর (ফরম-গ) বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৩ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য সাময়িক নিবন্ধন প্রদান করা হল। বিধিমালায় উল্লেখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

নিবন্ধন বিধিমালা-২০১৭ এর আলোকে অবশ্যই পালনীয় শর্তাবলি :

- ১। প্রবিধি ০৭ এর আলোকে ম্যানেজিং কমিটি গঠন করে আগামী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে বোর্ড কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ২। শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক :
 - ক) শিক্ষা বোর্ড/সরকার কর্তৃক নির্ধারিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ।
 - খ) পাঠদানের উদ্দেশ্যে, এমন কোন পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না -i) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয়;
 - ii) বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়; এবং
 - iii) স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী।
- ৩। বিদ্যালয় ভবনে বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ৪। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রবিধি ১২ যথাযথ অনুসরণ করতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা যথাযথ পালন/অনুসরণ করতে হবে।
- ৬। বোর্ডের পূর্ব অনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা যাবে না।




(ড. বিপ্লব গাজুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।



২৯/০১/২০২৩

প্রাপক

প্রধান শিক্ষক

আল-হিদায়হ ইন্টারন্যাশনাল স্কুল

রোড # ০১, ব্লক-বি, পাঁচলাইশ আ/এ, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য

- ১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৪। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৫। অফিস নথি।